''তিন সম্বন্ধের দ্বারা সহজ আর শ্রেষ্ঠ ভাবে পালিত হওয়া''

আজ বিশ্ব-স্নেহী বাপদাদা চারিদিকের বাবা-স্নেহী বিশেষ বাচ্চাদের দেখছেন। বাবার স্নেহ আর বাচ্চাদের স্নেহ দুইই পরস্পরের থেকে বেশিই আছে। স্নেহ মনকে আর তনকে অলৌকিক পাখা লাগিয়ে কাছাকাছি নিয়ে আসে। স্নেহ এমন রুহানী আকর্ষণ যা বাচ্চাদের বাবার দিকে আকর্ষণ করে মিলন উদযাপনের নিমিত্ত হয়। মিলন মেলা হয় হৃদয় দ্বারা, অথবা সাকার শরীর দ্বারা - এই দুই অনুভব স্নেহের আকর্ষণেই হয়। রুহানী পরমাত্ম-স্নেহই তোমরা সব ব্রাহ্মণকে দিব্য জন্ম দিয়েছে। আজ এই মুহূর্তে রুহানী স্নেহের সার্চ লাইট দ্বারা চারিদিকের ব্রাহ্মণ বাচ্চাদের স্নেহময়ী মূর্তি দেখছেন। চারিদিকের অনেক বাচ্চার হৃদয়ের স্নেহের গীত, হৃদয়-মিত বাপদাদা শুনছেন। বাপদাদা সব স্নেহী বাচ্চাদের, হতে পারে তারা কাছে আছে, অথবা দূরে থাকলেও হৃদয়ের কাছে আছে, স্নেহের রিটার্ণে বাবা বরদান দিচ্ছেন - "সদা ভাগ্যবান ভব ! সদা মন-মোহক ভব। সদা খুশীর আহার দ্বারা নিরোগী ভব ! সদা খুশির ভাণ্ডারে সম্পন্ন ভব।"

রুহানী স্নেহ দিব্য জন্ম দিয়েছে, এখন বরদাতা বাপদাদার দ্বারা দিব্য লালন পালন হচ্ছে। সবারই পালন এক দ্বারা, একই সময়, একরকম লাভ হচ্ছে। কিন্তু প্রাপ্ত প্রতিপালনের ধারণা নম্বরানুক্রমিক বানিয়ে দেয়। কার্যতঃ, বিশেষ তিন সম্বন্ধের পালিত হওয়া অতিশয় শ্রেষ্ঠও আর সহজও। বাপদাদার থেকে তোমরা তোমাদের উত্তরাধিকার লাভ করো, তারপরে উত্তরাধিকারের স্মৃতি দ্বারা তোমাদের লালনপালন হয় - এতে কঠিন কিছু নেই। কিন্তু ধারণার দুর্বলতা হেতু কিছু কিছু বাচ্চার সময় সময়ে সহজকে কঠিন বানানোর অভ্যাস হয়ে গেছে। পরিশ্রম করার সংস্কার সহজে কিছু অনুভব করার ক্ষেত্রে শক্তিহীন করে দেয় আর শক্তিহীন হওয়ার কারণে, দুর্বল ধারণা হেতু পরবশ হয়ে যায়। এমন পরবশ বাচ্চাদের জীবনের কার্য-কলাপ দেখে তাদের প্রতি বাপদাদার করুণার উদ্রেক হয়, কারণ বাবার রুহানী স্নেহের লক্ষণ এটাই - যে কোনও বাচ্চার দুর্বলতা বা ত্রুটি বাবা দেখতে পারেন না। তোমাদের নিজ পরিবারের খামতি তোমাদের নিজেদের অক্ষমতা, সেইজন্য বাবা বিমুখ হন না, বরং তাঁর করুণা হয়। বাপদাদা কখনো কখনো বাচ্চাদের আদি থেকে এখন পর্যন্ত জন্মপত্রিকা দেখেন। কিছু কিছু বাচ্চার জন্মপত্রিকায় করুণা ব্যতীত অন্য কিছু নেই আর কিছু কিছু বাচ্চার জন্মপত্রিকা আশ্বস্ত করে। আদি থেকে এখন পর্যন্ত জন্মপত্রিকা চেক করো। নিজেকে নিজে দেখে জানতে পার, তিন সম্বন্ধের পালনের ধারণা সহজ আর শ্রেষ্ঠ কিনা। কারণ সহজ জীবনে চলা দু'রকমের হয় - এক হয় বরদান দ্বারা সহজ জীবন আরেক হয় লাগামছাড়া, ডোন্ট কেয়ার ভাবে সহজে জীবন অতিবাহিত করা। বরদান দ্বারা বা অধ্যাত্ম পালনে যে আত্মারা সহজ জীবনে চলে তারা কেয়ারফুল হবে, ডোন্টকেয়ার হবে না। কারণ অ্যাটেনশনের টেনশন হয় না। এমন কেয়ারফুল আত্মাদের সময়, সাধন আর সার্কমস্ট্যান্স অনুযায়ী ব্রাহ্মণ পরিবারের সাথ বাবার বিশেষ সহায়তা সহযোগ দেয়, সেইজন্য সব সহজ অনুভব হয়। সুতরাং চেক করো - এই সব বিষয় আমার সহযোগী ? এই সব বিষয়ের সহযোগই সহযোগী বানিয়ে দেয়। নয়তো কখনো তুচ্ছ সার্কমস্ট্যান্স, সাধন, সময়, সাথী যদিও বা সব পিঁপড়ের মতো, কিন্তু ছোট পিঁপড়ে মহারথীকেও মূর্চ্ছিত করে দেয়। মূর্চ্ছিত অর্থাৎ বরদান-প্রাপ্ত সহজ পালনের শ্রেষ্ঠ স্থিতি থেকে নীচে ফেলে দেয়। শক্তিহীন হওয়া আর পরিশ্রম করে যাওয়া - এই দুইই মূর্চ্ছিত হওয়ার লক্ষণ। সুতরাং এই বিধিতে নিজের জন্মপত্রিকা চেক করো। বুঝেছ কী করতে হবে ? আচ্ছা ! i

সদা তিন সম্বন্ধের পরিপালনে যারা প্রতিপালিত হয়, সদা সন্তুস্টমণি হয়ে সন্তুষ্ট থাকে এবং সন্তুষ্টতার ঝলকানি ছড়িয়ে দেয়, সদা ফাস্ট পুরুষার্থী হয়ে নিজেকে ফার্স্ট জন্মে ফার্স্ট অধিকার প্রাপ্ত করায়, এমন ভাগ্যবান বাচ্চাদের বরদাতা বাবার স্মরণ-স্নেহ আর নমস্কার।

পার্টিদের সাথে সাক্ষাৎ - দূর-দূর থেকে সবাই এসেছে। সবচেয়ে দূর থেকে তো বাপদাদা আসেন। তোমার বলবে - এখানে আসতে তোমাদের পরিশ্রম লাগে। অসীম দুনিয়ায় থেকে সীমিত পরিসরে প্রবেশ হওয়া, বাপদাদার জন্য তো এটাও অভিনব ব্যাপার হয়ে যায়, তবুও তাঁকে লোন নিতেই হয়। তোমরা সবাই টিকিট নাও আর বাবা লোন নেন। সবার বরদান লাভ করেছ ? যদিও তোমরা ৭ - ৮ দিক থেকে এসেছ, কিন্তু প্রত্যেক জোনের কোনো না কোনো প্রতিনিধি এখানে উপস্থিত আছেই, বিদেশ থেকেও আছে, এদেশ থেকেও আছে। তাহলে এই গ্রুপ তো ইন্টারন্যাশনাল হয়ে গেল, তাই না ?

তামিলনাড়ু গ্রুপ :- সবচাইতে বড় গ্রুপ তামিলনাড়ু । তামিলনাড়ুর বিশেষত্ব কি ? তারা স্নেহের ভাইব্রেশন ক্যাচ করে। বাবার জন্য তাদের স্নেহ অবিনাশী লিফ্ট হয়ে যায়। তোমাদের কোনটা পছন্দ সিঁড়ি নাকি লিফ্ট ? সিঁড়ির প্রয়োজন পরিশ্রম, লিফ্ট সহজ। সুতরাং স্নেহের ব্যাপারে কখনো অসতর্ক হয়োনা, নয়তো লিফ্ট জাম হয়ে যাবে, কারণ যদি লাইট বন্ধ হয়ে যায় তাহলে তোমরা তো অনুমান করতেই পার লিফ্টের কী অবস্থা হবে ? লাইট বন্ধ হয়ে গেলে বা কানেকশন কেটে গেলে, সুখের যে অনুভূতি হওয়া উচিত তা' হয় না। সুতরাং স্নেহে অসতর্কতা থাকলে বাবার থেকে কারেন্ট প্রাপ্ত হবে না, তখন লিফ্ট কাজ করবে না। স্নেহ ভালো, নিরন্তর ভালো করতে থাক। সুতরাং এই লিফ্টের গিফ্ট সাথে নিয়ে যেও।

মহীশূর : - মহীশূরের বিশেষত্ব কী ? মহীশূর নিবাসী বাচ্চাদের বাপদাদা গিফ্ট দিচ্ছেন - "সঙ্গমযুগের সুন্দর মৌসুমী ফল" । সঙ্গমযুগের ফল কী ? ঋতুতে যে ফল হয় তা' মিষ্টি হয়। যা মৌসুমী ফল নয় তা' যতই সুন্দর হোক, কিন্তু ভালো হয় না। সুতরাং মহীশূর নিবাসী বাচ্চাদের সঙ্গমযুগের মৌসুমী ফল হলো "প্রত্যক্ষফল" । এই মুহূর্তে শ্রেষ্ঠ কর্ম কর আর পর মুহূর্তে প্রত্যক্ষফল লাভ হয়, সেইজন্য সদা নিজেদের এই নেশার স্মৃতিতে রাখ - আমরা সঙ্গমযুগের আবহের প্রত্যক্ষফল খাই আর তা' প্রাপ্ত করে থাকি। যেমনই হোক, তোমরা ভালোই বৃদ্ধি করছ। তামিলনাড়ুতেও খুব ভালো বৃদ্ধি হচ্ছে।

ইস্টার্ন জোন গ্রুপ :- ইস্ট থেকে কী বের হয় ? সূর্য উদিত হয়, তাই না ! তাইতো, ইস্টার্ন জোনের তাদেরকে বাপদাদা এক বিশেষ পুষ্প দিচ্ছেন। তা' হলো তোমাদের বিশেষত্বের আধারে - "সূর্যমুখী" যা সদাই সূর্যের সকাশে প্রস্ফুটিত থাকে। সূর্যের দিকে মুখ থাকে, সেইজন্য সূর্যমুখী বলা হয়ে থাকে, আর তাদের রূপও যদি দেখ তো দেখবে সূর্যের কিরণ যেমন হয়, সে'রকম চারিদিকে তার পাতা সূর্যকিরণ সম বৃত্তাকার (সার্কেল) হয়। সুতরাং সদা জ্ঞান-সূর্য বাপদাদার সমুখে যে থাকে, সে কখনো জ্ঞান-সূর্য থেকে দূরে হবে না। সদা সমীপ এবং সদা সামনে। একে বলে, সূর্যমুখী ফুল। অতএব, এমন সূর্যমুখী পুষ্পের সমান সদা জ্ঞান-সূর্যের প্রকাশ দ্বারা নিজেও জ্বলজ্বল করে আর অন্যদেরও ঝলমলে করে তোলে - এই বিশেষত্ব ইস্টার্ন জোনের। সেই হিসেবে দেখ জ্ঞান-সূর্য ইস্টার্ন জোন থেকে প্রকাশিত হয়েছেন। যতই হোক, প্রবিষ্ট তো হয়েছেন, তাই না ! সুতরাং যারা ইস্টার্ন জোনের তারা সবাইকে তাদের নিজের রাজ্য, দিনে নিয়ে যায়, আলোতে নিয়ে যায়।

বেনারস গ্রুপ :- বেনারসের বিশেষত্ব কী ? তোমরা সবাইকে অধ্যাত্ম রসে পরিপূর্ণ করো। তোমরা বিনা রসের নও, রস নেই তাও নও। বরং তোমরা সবার মধ্যে অধ্যাত্ম রস ভরে, সবাইকে পরমাত্ম-স্নেহের, প্রেমের রস অনুভব করাও, কেননা যখন বাবার প্রেমের রসে তোমরা পরিপূর্ণ হও তখন অন্য সব রস শুষ্ক লাগে। তোমরা আত্মাদের মধ্যে পরমাত্ম-প্রেমের রস ভরে দাও, কারণ ওখানে তাদের অনেক ভক্তিরস থাকে। যারা ভক্তিরসের তাদের তোমরা পরমাত্ম-রসের অনুভব করাও। বেশি রস কিসের মধ্যে সদা থাকে ? বেনারস থেকে আগতরা শুনাও। রসগোল্লায়। দেখ, নামই প্রথমে রস দিয়ে শুরু হয়। তোমরা তো সদা জ্ঞানের রসগোল্লা খাও আর অন্যদের খাওয়াও। তাইতো সদা অমৃতবেলায় তোমরা প্রথমে মন আর মুখ রসগোল্লা দিয়ে মিষ্টি করো আর মন দ্বারা ও মুখ দ্বারা অন্যদেরও মিষ্টি বানাও। সেইজন্য বাবা বেনারসকে মিষ্টি রসগোল্লা দিচ্ছেন।

মুম্বাই (বম্বে) গ্রুপ :- আগে থেকেই বম্বে বরদান প্রাপ্ত হয়েছে - নর্দেসাবর অর্থাৎ যারা সবাইকে বিত্তবান বানায়। নরদেসাবরের অর্থই হলো যারা সদা ধনে সম্পন্ন থাকে। যারা বম্বে থেকে তাদের বিশেষত্ব হলো - " গরিব-নিবাজ বাবার বাচ্চারা, গরিবদের বিত্তবান বানায়" সেইজন্য তোমরা নিজেরাও সদা ভাণ্ডারে সম্পন্ন আর অন্যদেরও সম্পন্ন বানাও। সেই কারণে তোমাদের বিশেষত্ব হলো - গরিব নিবাজ বাবার সহযোগী সাথী। তাইতো বম্বে থেকে আগতদের বাবা টাইটেল দিচ্ছেন। মিষ্টি নয়, টাইটেল।

কুলু-মানালি গ্রুপ :- কুলু মানালির বিশেষত্ব কী ? কুলুতে দেবতাদের যে মেলা হয় তা' আর অন্য কোথাও হয় না। সেইজন্য কুলু-মানালিকে দেবতাদের মিলন স্থান বলা হয়ে থাকে। তো দেবতার অর্থই হলো "দিব্যগুণধারী" । দিব্যগুণের ধারণার স্মারক দেবতা রূপ। সেইজন্য এই ভূমি দেবতাদের প্রতি ভালোবাসার, মিলনের সিম্বল, তাইতো বাপদাদা এমন ভূমিবাসী বাচ্চাদের বিশেষ দিব্যগুণের পুষ্পস্তবক গিফ্টে দিচ্ছেন। এই দিব্যগুণের পুষ্পস্তবক দ্বারা তোমরা চারিদিকে আত্মা আর পরমাত্মার মেলা করতে থাকবে। তারা দেবতাদের মেলা করে আর তোমরা দিব্যগুণের পুষ্পস্তবক দ্বারা আত্মা-পরমাত্মার মেলা উদযাপন করছ, কিন্তু আরও ধুমধামের সাথে মেলা উদযাপন করো যাতে সবাই দেখতে পায়। দেবতাদের মেলা তো দেবতাদের ছিল, কিন্তু এই মেলা তো সর্বশ্রেষ্ঠ মেলা, সেইজন্য দিব্যগুণের সুগন্ধি পুষ্পস্তবকের গিফ্ট সদা নিজের সাথে রাখ।

মিটিংয়ে আগতদের সাথে :- মিটিংয়ে তোমরা কিসের জন্য এসেছ ? সবকিছু সেট করতে। প্রোগ্রামের সেটিং, স্পিকার্সের সেটিং। তোমরা সিটিং করে সবকিছু সেটিং করার জন্য এখানে এসেছ। ঠিক যেমন স্পিচের জন্য সবকিছু সেট করেছ বা প্রোগ্রাম বানিয়েছ, একইভাবে, স্পিকার্স অথবা অবজার্ভর যেই আসুন, তাঁদের এখন থেকে শ্রেষ্ঠ ভাইব্রেশন দাও যাতে তারা শুধু অল্প সময়ের জন্য যেন স্পিচের স্টেজ সেট না করে, বরং সদা নিজের শ্রেষ্ঠ স্টেজে যেন সেট হয়ে যায়, সেইজন্য বাপদাদা মিটিংয়ে আগতদের অবিনাশী সেটিংয়ের মেশিন গিফ্টে দিয়ে থাকেন যার দ্বারা তোমরা সদা সবকিছু সেট করতে পার।

আজকাল তো মেশিনারির যুগ, তাই না ! মানুষের মাধ্যমে যে কাজে অনেক সময় লাগে, তা' মেশিনারির দ্বারা সহজ আর তাড়াতাড়ি হয়ে যায়। সুতরাং এখন নিজের সেটিংয়ের জন্য মেশিনারি এমনভাবে প্রয়োগে আন যাতে অতি শিঘ্রাতিশীঘ্র সেটিং হতে থাকে। কারণ তোমাদের স্বর্ণালী দুনিয়া এবং সুখময় দুনিয়ার প্ল্যান অনুসারে সবারই তো সীট সেট করতে হবে, তাই না ! প্রজাদেরও সেট করতে হবে এবং প্রজাদের প্রজাদেরও সেট করতে হবে। রাজা-রাণী তো সেট হচ্ছে, কিন্তু রয়্যাল ফ্যামিলি আছে, বিত্তবান ফ্যামিলিও আছে, তারপর প্রজা, দাসদাসী আছে - কতো সেটিং করতে হবে ! সুতরাং যারা মিটিংয়ে আছ তারা সেটিংয়ের মেশিনারি বিশেষভাবে ফাস্ট বানাও। ফাস্ট বানানো অর্থাৎ নিজেকে ফাস্ট পুরুষার্থী বানানো। এটা তার সুইচ। মেশিনের তো সুইচ হয়, তাই না ! সুতরাং ফাস্ট মেশিনারির সুইচ হ'ল ফাস্ট পুরুষার্থী হওয়া অর্থাৎ ফাস্ট সেটিংয়ের মেশিনারি অন করা। অনেক বড় দায়িত্ব। সুতরাং এখন নিজের রাজধানীর সেটিংয়ের মেশিনারিকে ফাস্ট কর।

ডবল বিদেশি গ্রুপ :- ডবল বিদেশি বাচ্চারা এখন স্যাটেলাইটের পরিকল্পনা করছে। বাবাকে প্রত্যক্ষ করানোর সাধনায় খুব ভালোভাবে এগিয়ে যাচ্ছে, সেইজন্য বাপদাদা 'ডবল লাইট হওয়ায় নিরন্তর সেট থাকার' গিফ্ট দিচ্ছেন। সদা নিজের ডবল লাইটের স্থিতিতে যারা সেট থাকে, এমন ডবল বিদেশি বাচ্চাদের বাপদাদা দিলারাম তাঁর হৃদয়ের স্নেহ গিফ্টে দিচ্ছেন।

আমেরিকা নিবাসী বাচ্চারা বিশেষ স্মরণ করছে। বিশ্ব সেবার জন্য খুব ভালো উৎসাহ-উদ্দীপনার সাথে বিশ্বে ভালোভাবে সেবা করার সাধন ভালো তৈরি হয়েছে। ইউ. এন.-ও সেবার সাথী হয়েছে। সেবার ফাউন্ডেশন ভারত, সেইজন্য ভারতেরও বিশেষ সার্ভিসেবল সাথী (জগদীশ জী) সেখানে গেছেন। ভারত হ'ল ফাউন্ডেশন আর প্রত্যক্ষতার নিমিত্ত বিদেশ। প্রত্যক্ষতার আওয়াজ দূর থেকে জয়ডঙ্কা বাজিয়ে ভারতে আসবে। বাচ্চাদের ভাইব্রেশন এসে পৌছাচ্ছে। কার্যতঃ, লন্ডন নিবাসীও সাথী, অস্ট্রেলিয়ার বাচ্চারাও বিশেষ সেবার সাথী, আফ্রিকাও কম নয়। সব দেশের সহযোগিতা ভালো। বাপদাদা দেশ-বিদেশের নিমিত্ত হওয়া প্রত্যেক সেবাধারী বাচ্চাদের নিজের নিজের বিশেষত্ব অনুসারে বিশেষ স্মরণ-স্নেহ দিচ্ছেন। প্রত্যেকের মহিমা নিজস্ব। বাপদাদা যদি প্রত্যেকের মহিমা বর্ণন করেন তাহলে কতো হবে ! কিন্তু বাপদাদার হৃদয়ে প্রত্যেক বাচ্চার বিশেষত্বের মহিমা সমাহিত হয়ে আছে।

মধুবন নিবাসী সেবাধারীও সাহসের সাথে সেবায় সহায়তা করে। সেইজন্য যেমন বাবার জন্য গাওয়া হয়ে থাকে - "সাহসী বাচ্চা, সহায় বাবা", ঠিক একইভাবে যে সেবাই চলে বা যখন সীজন চলে, তখন মধুবন নিবাসীও সাহসের স্তম্ভ হয় এবং যারা মধুবনের তাদের মানসিক ইচ্ছাতে তোমরা তোমাদের সবার থাকার, খাওয়ার, শোয়ার, স্নানের সহায়তা পাও, সেইজন্য বাপদাদা সব মধুবন নিবাসী বাচ্চাদের সাহসের অভিনন্দন জানাচ্ছেন। আচ্ছা।

*বরদানঃ-* নিজের সতোগুণী দৃষ্টির দ্বারা অন্য আত্মাদের দৃষ্টি, বৃত্তির পরিবর্তনকারী সাক্ষাৎকার মূর্তি ভব

কথিত আছে দৃষ্টি দ্বারা সৃষ্টি পরিবর্তন হয়। সুতরাং তোমাদের দৃষ্টি এমন সতোগুণী হোক যাতে যে কোনও তমোগুণী বা রজোগুণী আত্মার দৃষ্টি, বৃত্তি আর তাদের স্থিতি যেন পরিবর্তন হয়। যে কেউই তোমাদের সামনে আসবে তাদেরকে তোমাদের দৃষ্টির দ্বারা তিন লোকের, তাদের পুরো জীবন কাহিনী যেন জানা হয়ে যায়। এটাই হ'ল দৃষ্টি দ্বারা নিহাল করা অর্থাৎ তোমাদের দৃষ্টির দ্বারা কাউকে ঊর্ধ্বে নিয়ে যাওয়া। অন্তিমে যখন জ্ঞানের দ্বারা সার্ভিস হবে না তখন এই সার্ভিস চলবে।

*স্লোগানঃ-* পবিত্রতার প্র্যাকটিক্যাল স্বরূপ সত্যতা অর্থাৎ দিব্যতা।

সূচনাঃ- আজ মাসের তৃতীয় রবিবার, অন্তর্রাষ্ট্রীয় যোগ দিবস, বাবার সব বাচ্চারা সন্ধ্যা ৬:৩০ মিনিট থেকে ৭:৩০ মিনিট পর্যন্ত ভ্রুকুটি আসনে অধিষ্ঠিত হয়ে নিজের ঝিলিমিলি নক্ষত্রকে দিব্য নেত্রের দৃষ্টিতে লাইট-মাইট হাউজ হয়ে প্রকৃতি সহ পুরো বিশ্বকে সার্চলাইট দেওয়ার সেবা করুন। Normal;heading 1;heading 2;heading 3;heading 4;heading 5;heading 6;heading 7;heading

